# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

controller@jessoreboard.gov.bd

স্মারক নং-১১৯৩/পনি/২০২৬ তারিখ : ০৫-০২-২০২৬ ইং

## এসএসসি পরীক্ষা ২০২৬ এর প্রধান পরীক্ষক ও পরীক্ষক নিয়োগের জরুরি বিজ্ঞপ্তি

## OTP পূরণের ক্ষেত্রে কিছু বিধিনিষেধ ও দিক নির্দেশনা

১. প্রতিষ্ঠান প্রধানসহ কর্মরত সকল শিক্ষককে পরীক্ষা সংক্রান্ত গোপনীয় কাজ সম্পাদনের লক্ষ্যে OTP পূরণ নিশ্চিত করতে প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হল।

২. সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, প্রধান পরীক্ষক হওয়ার জন্য অনেক শিক্ষক মাস্টার ট্রেইনার না হওয়া সত্ত্বেও OTP-ডাটায় মাস্টার ট্রেইনার-কলাম এন্ট্রি করেছেন। যারা প্রকৃতপক্ষে মাস্টার ট্রেইনার নয় তারা অনতিবিলম্বে OTP-এর ডাটা থেকে মাস্টার ট্রেইনার কলাম সংশোধন করবেন, নতুবা এরূপ প্রতারণামূলক তথ্য প্রদানের জন্য আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রতিষ্ঠান প্রধান সত্যায়নকারীর দায় এড়াতে পারবেন না। কারণ প্রতিষ্ঠান প্রধান হিসেবে তিনি প্রতিটি শিক্ষকের তথ্য অনুমোদনকারী। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা থেকে সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন ও পরিশোধন প্রশিক্ষণে যারা অংশগ্রহণ করেছেন তারা OTP-এর ডাটাতে মাস্টার ট্রেইনার কলাম পূরণ করবেন।

৩. কিছু শিক্ষক তাদের ফলাফল তথা এসএসসি, এইচএসসি, স্নাতক (পাশ), স্নাতক (সম্মান), মাস্টার্স, বিএড, এমএড, পিএইচ.ডি ইত্যাদি পরীক্ষায় প্রাপ্ত বিভাগ/শ্রেণি OTP-এর নির্দিষ্ট কলামে এন্ট্রি না করে ফাঁকা রাখেন, অথচ প্রধান পরীক্ষক, পরীক্ষক হওয়ার ক্ষেত্রে ফলাফলে নির্দিষ্ট পয়েন্ট রয়েছে। সুতরাং অবিলম্বে উক্ত কলামসমূহে তাদের প্রাপ্ত বিভাগ/শ্রেণি এন্ট্রি করবেন।

৪. Frist Joining-এর ক্ষেত্রে অনেকে বর্তমান স্কুল/কলেজে যোগদানের তারিখ দিয়ে থাকেন। এ কারণে তাদের শিক্ষকতার প্রকৃত অভিজ্ঞতার তথ্য পাওয়া যাচ্ছে না। উদাহরণঃ একজন শিক্ষক একটি প্রতিষ্ঠানে ১০ বছর কর্মরত ছিলেন, পরবর্তীতে বর্তমান প্রতিষ্ঠানে ০৫ বছর কর্মরত আছেন তাহলে তার অভিজ্ঞতা হবে ১৫ বছর, এ ক্ষেত্রে বর্তমান প্রতিষ্ঠানে যোগদানের তারিখ দিয়ে ডাটা এন্ট্রি করলে অভিজ্ঞতা ০৫ বছর বিবেচনায় আসবে। সুতরাং তার Frist Joining হবে ১ম শিক্ষা প্রতিষ্ঠানে যোগদানের তারিখ। উল্লেখ্য প্রতি বছর সার্ভিসের জন্য আলাদা পয়েন্ট রয়েছে।

৫. শিক্ষকদের ডাটা পূরণের সময় অবশ্যই রকেট নম্বর নির্ভুলভাবে প্রদান করতে হবে।

৬. খণ্ডকালীন, অনিয়মিত, অক্ষম ও গুরুতর অসুস্থ শিক্ষকদের তথ্য OTP-তে পূরণ করা যাবে না। যদি এরকম কোন শিক্ষকের নাম অন্তর্ভুক্ত থাকে তবে OTP থেকে তার নাম কর্তন করতে হবে।

৭. যে শিক্ষক যে বিষয়ে পাঠদান করেন শুধুমাত্র সে বিষয়ই Select করতে পারবেন, অন্যথায় অপরাধ হিসেবে বিবেচিত হবে।

৮. কলেজের ক্ষেত্রে শুধুমাত্র যে বিষয়ে অনার্স, মাস্টার্স করেছেন সে বিষয়ই Select করতে পারবেন।

৯. শিক্ষকদের সকল সনদ, নিয়োগপত্র ইত্যাদি তথ্য প্রমাণাদি প্রতিষ্ঠান প্রধান নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন। প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ সেগুলো তলব করবে।

১০. OTP পূরণে কোন তথ্য গোপন বা অসত্য তথ্য সংযোজন করলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১১. যে সকল শিক্ষক অবসর গ্রহণ করেছেন/মৃত্যুবরণ করেছেন/অন্যত্র বদলি হয়েছে/ স্বেচ্ছায় চাকুরি ছেড়ে দিয়েছেন/ বোর্ড থেকে কালো তালিকাভুক্ত করা হয়েছে অথবা প্রতিষ্ঠানে খন্ডকালীন শিক্ষক হিসেবে কর্মরত আছেন তাদের নাম কর্তন করে OTP সংশোধন করতে হবে।

১২. OTP-এর ডাটাবেজ থেকে যে সকল পরীক্ষক/প্রধান পরীক্ষক নিয়োগ করা হবে তাদের অবশ্যই বোর্ড নির্ধারিত তারিখে উত্তরপত্র সংগ্রহ করতে হবে। অনেকে নিয়োগপত্র পাওয়ার পর উত্তর সংগ্রহ করেন না। ফলে উত্তরপত্র মূল্যায়নে জটিলতার সৃষ্টি হয় এবং ফলাফল প্রদানে বিঘ্ন সৃষ্টি হয়। নিয়োগপত্র পাওয়ার পরেও বোর্ড নির্ধারিত তারিখে উত্তরপত্র সংগ্রহ না করলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**বি.দ্র. OTP সংক্রান্ত তথ্য আগামী ০৫-০৪-২০২৬ তারিখের মধ্যে অবশ্যই পাঠাতে হবে। উক্ত তারিখের পরে পাঠানো কোন তথ্য ২০২৬ সালের এসএসসি পরীক্ষার জন্য প্রযোজ্য হবে না।**

০৫/০২/২০২৬

প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর আওতাধীন
সকল শিক্ষা প্রতিষ্ঠান

Scanned with CamScanner